



প্রকৌশলী মোঃ বেলায়েত হোসেন
চেয়ারম্যান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

২২ এপ্রিল, ২০২০।

অভিনন্দন

প্রিয় সহযাত্রী,

আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা গ্রহণ করুন। বিশ্বব্যাপী করোনা ভাইরাসের এই সংকটাপন্ন সময়েও দেশের বিদ্যুৎ উৎপাদন পরিস্থিতি স্বাভাবিক রাখতে আপনাদের বিদ্যুৎ কেন্দ্র যেভাবে অবদান রাখছে তা নিঃসন্দেহে প্রশংসাযোগ্য। দেশের বিদ্যুৎ খাতের উন্নয়নে আইপিপি বিগত বেশ কয়েকবছর যাবৎ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। পাশাপাশি সরকারী খাতের বিদ্যুৎ উৎপাদন কোম্পানিসমূহ দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা ও চাহিদা মোতাবেক জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে।

বর্তমান করোনা পরিস্থিতিতে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা যখন বিপজ্জনক হয়ে উঠেছে তখন আপনি ও আপনার কর্মীরা ঝুঁকি নিয়ে দেশের বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা সম্পূর্ণ স্বাভাবিক রাখতে সচেষ্ট রয়েছেন। আপনাদের এই সেবা দেশের করোনা আতঙ্কে আক্রান্ত মানুষের জীবনে কিছুটা হলেও শান্তি নিশ্চিত করেছে। এই অবদানের জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সিঙ্গেল বায়ার হিসেবে আপনাদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছে। আপনাদের সকল নিঃস্বার্থ কর্মীদের আমার নিজের এবং বোর্ডের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, আইপিপি ও সরকারী বিদ্যুৎ উৎপাদন কোম্পানিসমূহের সম্মিলিত প্রচেষ্টায় দেশের বিদ্যুৎ খাত আজ একটি সফল ও স্থিতিশীল খাতে উপনীত হয়েছে। তবে করোনা ভাইরাসের কারণে আগামীতে আমাদের কঠিন সময়ের মুখোমুখি হওয়ার আশংকা দেখা দিয়েছে। তখনও বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পাশাপাশি আইপিপি এবং সরকারী বিদ্যুৎ উৎপাদন কোম্পানিসমূহ দায়িত্বশীলতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা করে পরিস্থিতি সামাল দেবে এবং নির্বিঘ্ন বিদ্যুৎ উৎপাদনের যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদের সম্পূর্ণ প্রস্তুত রাখবে, এ আস্থা আপনাদের সকলের উপর আমার রয়েছে।

করোনা আক্রান্তদের সেবার লক্ষ্যে সামাজিক দায়বদ্ধতা থেকে বিভিন্ন বেসরকারী বিদ্যুৎ কেন্দ্র ও 'বিপ্লব' চিকিৎসা সহায়তা নিয়ে সরকারের পাশে দাঁড়িয়েছে। অনেক বেসরকারী বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে ইতোমধ্যে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কাছে চিকিৎসা সামগ্রী হস্তান্তর করা হয়েছে। আরো অনেকে সহযোগিতা প্রদানের আগ্রহ প্রকাশ করেছেন যা বর্তমান সমস্যাসঙ্কুল সময়ে অত্যন্ত আশাব্যঞ্জক।

আপনারা জানেন, করোনা পরিস্থিতি দেশের অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলতে শুরু করেছে। বিদ্যুতের রাজস্ব আদায় কমে যাওয়ায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ডও ভবিষ্যতে অর্থ সমস্যায় পড়ার ঝুঁকিতে রয়েছে। করোনা পরিস্থিতি দীর্ঘায়িত হলে সাময়িকভাবে আইপিপি ও সরকারী বিদ্যুৎ কোম্পানিসমূহের পাওনা পরিশোধে কিছুটা সমস্যা হওয়াও অবাস্তব নয়। আশাকরি, আপনারা সবাই উদ্ভূত পরিস্থিতি অনুধাবন করতে সক্ষম হবেন। আগামীতে বিদ্যুৎ খাতের যেকোনো সংকটে সংকল্পে আপনাদের পূর্ণ সহযোগিতা, সহমর্মিতা ও সমর্থন প্রত্যাশা করি।

করোনা যুদ্ধে আমরা সবাই একসঙ্গে লড়াই করে যাব এবং জয়ী হবো ইনশাআল্লাহ। আপনাদের শুভ কামনা করি। বাংলা নতুন বছর সবার জীবনে সুখ, শান্তি এবং মঙ্গল বয়ে আনুক।

মোঃ বেলায়েত হোসেন
চেয়ারম্যান